# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 19 June, 2025

নোয়াখালীর বেগমগঞ্জে এক বৃদ্ধাকে শ্বাসরোধ করে হত্যার ঘটনায় দুই আসামিকে যৌথ অভিযান চালিয়ে গ্রেপ্তার করেছে পুলিশ ও র‍্যাব-১১।

বৃহস্পতিবার (১৯ জুন) দুপুর আড়াইটার দিকে এক প্রেস বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করেন র‍্যাব-১১, সিপিসি-৩ কোম্পানি কমান্ডার (ভারপ্রাপ্ত) সিনিয়র সহকারী পুলিশ সুপার মিঠুন কুমার কুণ্ডু।এর আগে, গতকাল বুধবার বিকেল ও রাতে দুই আসামিকে উপজেলার গোপালপুর ইউনিয়ন থেকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলেন, উপজেলার গোপালপুর ইউনিয়নের মোবুল্লাপুর গ্রামের খোনার বাড়ির মৃত জাফরের ছেলে জোবাইডুল ইসলাম রনি (১৬) ও একই ইউনিয়নের দেবকালা গ্রামে আব্দুল করিম মুন্সি বাড়ির মৃত আবুল খায়েরের ছেলে ফিরোজ আহমেদ রাকিব (২৩)।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বৃদ্ধ মর্জিনা আক্তার বাড়িতে একা থাকতেন।তার তিন ছেলে প্রবাসী।ঈদুল আযহা উপলক্ষ্যে ভিকটিমের ছেলে কামাল প্রবাস থেকে তার মায়ের জন্য বন্ধুর মাধ্যমে ৪০হাজার টাকা পাঠান।টাকা নিয়ে তার বন্ধু বাড়িতে গিয়ে ডাকাডাকি করে ঘরে কারো কোন সাড়া শব্দ পাননি।পরে ঘরের বারান্দার দরজা খোলা অবস্থায় দেখতে পেয়ে ঘরের ভিতরে ঢুকেন।ঘরে ঢুকে দেখেন আলমারী খোলা, আসবাবপত্র এলোমেলো ভাবে পড়ে আছে।তাৎক্ষণিক তিনি প্রতিবেশীদের ডাকলে তারা ঘরে ঢুকে দেখেন মর্জিনা আক্তারকে গামছা দিয়ে চোখ, নাক, মুখ বাধা অবস্থায় ও গলায় বিছানার চাদর পেচানো খাটের উপর মরদেহ পড়ে আছে।পরবর্তীতে সৌদি আরব থেকে নিহতের ছেলে দেশে এসে মায়ের দাফন সম্পন্ন করে।পরে আত্মীয়-স্বজনের সাথে পরামর্শ করে মামলা দায়ের করেন।

র‍্যাব-১১, সিপিসি-৩ কোম্পানি কমান্ডার (ভারপ্রাপ্ত) সিনিয়র সহকারী পুলিশ সুপার মিঠুন কুমার কুণ্ডু আরও বলেন, মামলা রুজু হওয়ার পর অজ্ঞাতনামা আসামিরা গ্রেপ্তার এড়াতে পলাতক ছিল।গ্রেপ্তারকৃত আসামিদের জিজ্ঞাসাবাদে তারা ঘটনায় জড়িত থাকার কথা স্বীকার করে। আসামিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহনের জন্য বেগমগঞ্জ থানায় হস্তান্তর করা হয়েছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 20 June, 2025 00:27

URL: https://timestodaybd.com/across-the-country/9685823494